গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/১৪৮৭ তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : **'ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি' কর্মসূচি বাস্তবায়নে ২৯ জুন ২০২৬ তারিখে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনী ইশতেহারের অন্যতম প্রতিশ্রুতি 'ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গৃহীত হয়েছে। এরই অংশ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট কর্তৃক মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে জলবায়ু অনুদান বাবদ ৫০০০.০০ (পাঁচ হাজার মাত্র) টাকা করে প্রদান করা হয়েছে। বর্ণিত অনুদানের অর্থ দিয়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি ফলদ, একটি বনজ ও একটি ঔষধি বৃক্ষ রোপণ, ব্যানার/ফেস্টুন তৈরি এবং সেমিনার/র‍্যালি আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি আগামী ২৯ জুন ২০২৬ তারিখে জাতীয় পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী সকাল ১০.০৫ ঘটিকায় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করবেন (অনুষ্ঠানসূচি সংযুক্ত)। উক্ত কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে ১টি ফলদ, ১টি বনজ ও ১টি ঔষধি বৃক্ষ রোপণ করা হবে;
- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সরাসরি বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন;
- বিভিন্ন সরকারি-বেসরকারি মিডিয়ায় অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হবে;
- ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীগণ মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাবেন;
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনুষ্ঠানটি সুন্দরভাবে পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে উক্ত দিবসে ক্যাম্পাসে জলবায়ু বিষয়ক ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানোর ব্যবস্থা করতে হবে;
- বৃক্ষরোপণ কর্মসূচি উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে শিক্ষক-শিক্ষার্থীর অংশগ্রহণে ক্যাম্পাসে র‍্যালির আয়োজন করতে হবে।

৩। এ পরিপ্রেক্ষিতে, মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ২৯ জুন ২০২৬ তারিখে জাতীয় পর্যায়ে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে একযোগে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৫.০৬.২৬

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,.................।**

স্মারক নং ঃ উমাশিঅ/ঘাটা/২০২৬/ ৮৫২(১০০) তারিখঃ ২৭/০৬/২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। অধ্যক্ষ/প্রধানশিক্ষক/সুপার............................. স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা,ঘাটাইল,টাঙ্গাইল।

(সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, বৃক্ষরোপণ কর্মসূচি ২৮/০৬/২০২৬ তারিখের পরিবর্তে ২৯/০৬/২০২৬ তারিখে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত কর্মসূচি বাস্তবায়ণের ব্যানার,ফেস্টুন,ছবি ইত্যাদি প্রমানক হিসেবে ভাউচারের সাথে জমা দিতে হবে।)

০২। অফিস কপি।

সংযুক্ত ঃ বর্ণনা মোতাবেক ।

২৭/০৬/২৬

মোঃ শফিকুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঘাটাইল,টাঙ্গাইল।

Scanned with CamScanner

## PROGRAM SCHEDULE

**Date:** 29 June 2026
**Venue:** Bangladesh China Friendship Conference Center, Dhaka

| | |
|---|---|
| 1:00 PM | Guests Take Seats |
| 2:00 PM | Arrival of the Chief Guest |
| 2:05 PM | Guard of Honour by BNCC |
| 2:10 PM | Inauguration of Nationwide Tree Plantation |
| 2:15 PM | Showcasing Stalls Visit |
| 2:30 PM | Tea Break |
| 2:40 PM | National Anthem |
| 2:45 PM | Recitation from the Holy Books |
| 2:55 PM | Documentary Presentation-I |
| 3:00 PM | Welcome Address by **Prof. Dr. Khan Moinuddin Al Mahmud Sohel**, DG, DSHE |
| 3:05 PM | Participant's Expression |
| 3:15 PM | Speech by the Chairperson of the Program **Mr. Abdul Khaleque**<br>Secretary, SHED, Ministry of Education |
| 3:20 PM | Speech by the Special Guest **Mr. Mahdi Amin,** Adviser to the Hon'ble Prime Minister and Spokesperson of the Prime Minister's Office |
| 3:30 PM | Speech by the Special Guest **Dr. A N M Ehsanul Hoque Milon, MP**<br>Hon'ble Minister, Ministry of Education and Ministry of Primary & Mass Education |
| 3:40 PM | Documentary Presentation-II |
| 3:45 PM | Prize Distribution |
| 4:05 PM | Speech by the Hon'ble Chief Guest **Mr. Tarique Rahman, MP**<br>Hon'ble Prime Minister, Government of the People's Republic of Bangladesh |
| 4:20 PM | Cultural Program |

*This invitation card is non-transferable. Guests are requested to bring this card with them. Please do not carry handbags, briefcases, mobile/cellular phones, cameras, electronic equipment, umbrellas or other accessories.*


You are cordially invited to the National Level Startup, Science Project, Innovation Idea Showcasing & Tree Plantation Launching Program.

We are highly grateful & honored that **Mr. Tarique Rahman, MP, Hon'ble Prime Minister**, Government of the People's Republic of Bangladesh, has courteously assented to attend the program as the Chief Guest.

**Dr. A N M Ehsanul Hoque Milon, MP**, Hon'ble Minister, Ministry of Education and Ministry of Primary & Mass Education, **Mr. Mahdi Amin,** Adviser to the Hon'ble Prime Minister and Spokesperson of the Prime Minister's Office will attend the occasion as Special Guests.

Your presence will grace the occasion.

**Abdul Khaleque**
Secretary
Secondary & Higher Education Division
Ministry of Education


জলবায়ু পরিবর্তন সচেতনতা কর্মসূচি
(ফলদ ও বনজ বৃক্ষ রোপণ ও পরিচর্যা)
জে ,এম মাধ্যমিক বালিকা বিদ্যালয়
প্রকল্পের নাম : লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
সার্বিক তত্ত্বাবধানে : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভেড়ামারা, কুষ্টিয়া।


জলবায়ু পরিবর্তন সচেতনতা কর্মসূচি
জে,এম মাধ্যমিক বালিকা বিদ্যালয়
গাছের নাম : মেহগনি (Swietenia macrophylla)
প্রকল্পের নাম :
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ।